# Times Today BD

আন্তর্জাতিক | 07 May, 2025

পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের উপদেষ্টা রানা সানাউল্লাহ বলেছেন, ভারত যদি উত্তেজনা আর না বাড়ায় তাহলে পাকিস্তান কোনও ‘‘দায়িত্বজ্ঞানহীন পদক্ষেপ’’ নেবে না।ভারতের হামলার পর বিশ্বের কাছে পাকিস্তানের ক্ষমতাসীন সরকার ও সেনাপ্রধান এই অঙ্গীকার করেছে বলে জানিয়েছেন তিনি।দেশটির জাতীয় নিরাপত্তা কমিটির বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রানা সানাউল্লাহ বলেন, ‘‘আমরা ভারতকে উপযুক্ত জবাব দিয়েছি।যদি তারা (ভারত) আরও পদক্ষেপ নেয়, তাহলে আমরা সেই পদক্ষেপের শক্তিশালী জবাব দেব।’

পাকিস্তানের প্রধানমন্ত্রীর এই উপদেষ্টা বলেছেন, আন্তর্জাতিক আইন অনুযায়ী ভারতের হামলার জবাব দেওয়ার অধিকার রাখে পাকিস্তান। আন্তর্জাতিক আইন মেনেই পাকিস্তানের সামরিক নেতৃত্ব যথাযথ প্রতিক্রিয়া দেখাবে।দেশটির রাজনৈতিক দল পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজের (পিএমএল) নেতা রানা সানাউল্লাহ বলেন, ‘‘জাতির প্রতিরক্ষার অভিভাবক হিসাবে তাদের এই অধিকার রয়েছে এবং জাতীয় নিরাপত্তা কমিটির সভাতেও এই বিষয়ে ঐকমত্য হয়েছে।

তিনি বলেন, ‘‘আমাদের সশস্ত্র বাহিনীর নেতৃত্ব এবং সরকারের পাশাপাশি প্রধানমন্ত্রীও জাতিকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, ভারত যদি কোনও আগ্রাসনের পথ বেছে নেয়, তাহলে আমরা তার কঠোর প্রতিক্রিয়া জানাবো এবং আমরা সেটি করেছি।’

এদিকে, ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর ‘অপারেশন সিঁদুর’ অভিযানের প্রতিশোধ নিতে পাকিস্তান যদি হামলা করে, তাহলে ফের প্রত্যাঘাত করা হবে বলে হুঁশিয়ার করে দিয়েছে ভারত।

দেশটির জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের কার্যালয়ের এক বিবৃতিতে বলেছেন, বুধবার যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত এবং জাপানের নিরাপত্তা উপদেষ্টাদের সঙ্গে মতবিনিময় করেছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা।এ সময় তিনি ‘অপারেশন সিঁদুর’ পরিমিত, সংযত এবং অ-উসকানিমূলক একটি সামরিক অভিযান ছিল বলে জানিয়েছেন।

বিবৃতিতে আরও বলা হয়েছে, সহিংসতা বৃদ্ধির কোনও অভিপ্রায় ভারতের নেই।তবে পাকিস্তান যদি সহিংসতাকে আরও উসকাতে চায়–তাহলে প্রত্যাঘাত করার জন্য যত সামর্থ্য প্রয়োজন, তার সবই ভারতের রয়েছে।

সূত্র : জিও নিউজ।

ভারত পাকিস্তান যুদ্ধ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:29

URL: https://www.timestodaybd.com/public/international/7758072119